# নির্বাচনী আচরণ বিধি

## NSUPAA Election-2024

তারিখঃ ২৫-ডিসেম্বর-২০২৪ ইং

১। নির্ধারিত তারিখের মধ্যে ভোটার হিসেবে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে, উল্লেখ্য যে ভোটার হিসেবে নিবন্ধিত না হয়ে নির্বাচনে প্রার্থী হওয়া যাবে না ( **নির্ধারিত তারিখের পর ওয়েবসাইট এ রেজিস্ট্রেশন অপশন থাকবে না। ভোটার তালিকা, গুরুত্বপূর্ণ তারিখ, প্রার্থিদের তালিকা ওয়েব সাইটে লগ ইন করে দেখা যাবে )।**

২। নির্ধারিত ভোটের তারিখে (৭-ফেব্রুয়ারি-২০২৫ ইং), নির্দিষ্ট সময়ে (ভোর ০০:০০ হতে রাত ২৩:৫৯ পর্যন্ত, বাংলাদেশ সময়) প্রত্যেক ভোটার ১টি পদের বিপরীতে ১জন প্রার্থীকে ১টি ভোট প্রদান করতে পারবে, এক্ষেত্রে সর্বমোট ২০ টি পদের বিপরীতে ২০ টি ভোট প্রদান করতে পারবে। একজন ভোটার প্রতিটি পদে ভোট প্রদানের জন্য একবার মাত্র ক্লিক করার অপশন পাবে, অর্থাৎ ভোট প্রদানের পর, এটি সিস্টেম লক করে নিবে এবং ঐ পদে ভোটারের ভোট প্রদান হয়েছে হিসেবে গন্য করবে, আর কোন ভাবেই পরিবর্তন সম্ভব নয়। এই প্রক্রিয়ায় একজন ভোটার প্রতিটি পদে ১ টি করে সর্বমোট ২০ টি ভোট প্রদান করতে পারবে।

৩। নির্বাচনী তফসিল অনুযায়ী নির্ধারিত তারিখে (২৮-জানুয়ারি-২০২৫ ইং রাত ২৩:৫৯ পর্যন্ত, বাংলাদেশ সময়) মনোনয়ন পত্র জমাদানের পর প্রার্থীগণ সামাজিক যোগাযোগ মাধ্যমে অথবা সরাসরি তাদের নির্বাচনী প্রচারণা চালাতে পারবে। তবে নেতিবাচক কিছু প্রচার করা যাবে না যার মাধ্যমে বিভ্রান্তির সৃষ্টি হয়।

৪। কোন প্রার্থী, অন্য কোন প্রার্থীকে নির্বাচনী মনোনয়নপত্র জমা দানে অথবা নির্বাচনে অংশগ্রহণে বাধা প্রদান এবং অন্য যেকোনো প্রকার প্রভাব বিস্তার করতে পারবে না। যদি কোন প্রার্থীর এমন আচরণের প্রমাণ পাওয়া যায় তবে তার প্রার্থিতা বাতিল বলে বিবেচিত হবে।

৫। নির্বাচনে যোগ্য বিবেচিত প্রার্থীগণ, কোন ভোটারকে অর্থ অথবা অন্য কোন সুযোগ সুবিধার প্রতিশ্রুতি অথবা যে কোন প্রকার প্রভাব বিস্তার করে ভোট প্রদানে প্রভাবিত করতে পারবে না। যদি কোন প্রার্থীর এমন আচরণের প্রমাণ পাওয়া যায় তবে তার প্রার্থিতা বাতিল বলে বিবেচিত হবে।

৬। নির্বাচনের ১২ ঘন্টা পূর্বে অর্থাৎ ভোটগ্রহণের ১২ ঘন্টা পূর্বে প্রার্থীগণ তাদের নির্বাচনী প্রচারণা বন্ধ করতে বাধ্য থাকবেন।

৭। যে সকল প্রার্থী যোগ্য বা অযোগ্য বলে বিবেচিত হবে অথবা প্রার্থিতা প্রত্যাহার করবে তা একমাত্র নির্বাচন কমিশন সংবিধান ও নির্বাচনী আচরণবিধি অনুযায়ী সিদ্ধান্তঃ গ্রহণ এবং প্রকাশ করবে।

৮। প্রার্থীগন, কোনভাবেই নির্বাচন প্রক্রিয়ায়, ভোট গ্রহণ, ভোট গণনায় (অনলাইনে স্বয়ংক্রিয় প্রক্রিয়ায় সম্পন্ন হবে) অথবা স্বীয়স্বার্থ সংশ্লিষ্ট যেকোনো বিষয়ে নির্বাচন কমিশনের কার্যক্রমে কোন প্রকার হস্তক্ষেপ এবং প্রভাব বিস্তার করতে পারবে না।

৯। প্রার্থীগণ কোন প্রকার অভিযোগ প্রদান করার ক্ষেত্রে প্রয়োজনীয় লিখিত দলিল ও সাক্ষ্য প্রমাণসহ উপস্থাপন করবে।

১০। নির্বাচনকালীন সময়ের সংঘটিত যে কোন প্রকার অনিয়মের প্রতি প্রার্থীগণ নির্বাচন কমিশনের দৃষ্টি আকর্ষণ ও মতামত প্রদান করতে পারবে। কিন্তু তারা কোন প্রকার নির্দেশ বা নির্বাচন কমিশনের সিদ্ধান্ত বাতিল করতে পারবে না। নির্বাচন কমিশন নির্বাচনের আচরণবিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে।

১১। নির্বাচন কমিশন তাদের দায়িত্ব পালনকালে সর্বোচ্চ নিরপেক্ষতা বজায় রাখবে। কখনো কোন ব্যক্তি বা প্রার্থীর পক্ষে বা নির্বাচন প্রক্রিয়ায় বিতর্ক সৃষ্টি হয় বা হতে পারে এমন কোন বিষয়ে পক্ষপাতমূলক আচরণ বা নিজস্ব অভিমত প্রকাশ করতে পারবেনা।

১২। নির্বাচনী প্রার্থীগণ, ভোটার গন, এবং নির্বাচন কমিশন নির্বাচন সংক্রান্ত যেকোনো বিষয়ে **NSTU Pharmacy Alumni Association** এর সংবিধান অনুযায়ী সকল সিদ্ধান্ত মানতে বাধ্য থাকিবে।

Md. Asif Hasan

মোঃ আসিফ হাসান (সেশন ০৫-০৬)
প্রধান নির্বাচন কমিশনার

মো: দেলোয়ার হোসেন (সেশন ০৬-০৭)
নির্বাচন কমিশনার

মোঃ মুমতাহিন সিয়াম (সেশন ১৬-১৭)
নির্বাচন কমিশনার